



তথ্যবিবরণী

নম্বর-১৮৬

রাজশাহীতে জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপিত

রাজশাহী, ২১ মাঘ (০৫ ফেব্রুয়ারি):

আজ বুধবার (০৫ ফেব্রুয়ারি) জাতীয় গ্রন্থাগার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'সমৃদ্ধ হোক গ্রন্থাগার, এই আমাদের অঙ্গীকার'। সকালে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটি উদ্বোধন করেন রাজশাহী জেলা প্রশাসক অফিয়া আখতার। পরে এ উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক বলেন, আমরা সবাই প্রজাতন্ত্রের কর্মচারী। আমার সামনে যারা বসে আছেন তারা প্রথম শ্রেণির নাগরিক। আমরা তাদের প্রথম শ্রেণির মর্যাদা দিয়ে সেবা দিতে চাই। আমি যখন প্রথম শ্রেণির সেবা দিব তখন আমার মর্যাদা আপনা-আপনি প্রথম শ্রেণির হয়ে যাবে।

তিনি বলেন, গ্রন্থাগার দিবস উদযাপনের উদ্দেশ্য হলো সকলকে বই পড়তে হবে ও অন্যদের বই পড়তে উদ্বুদ্ধ করতে হবে এবং নিজেও পড়তে হবে। যে শিক্ষাব্যবস্থা ছিল তা আমাদের বইমুখী করতে পারেনি। সৃজনশীলতার একটা সময় আছে তার জন্য একটা ভিত্তি থাকতে হবে। একটা বাচ্চাকে বুঝতেই দিলেন না পড়াশুনা কি জিনিস, তার কাছ থেকে সৃজনশীলতা কিভাবে আশা করেন। আজকে আমরা দেখতে পাচ্ছি গোল্ডেন জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় পাশ করতে পারছে না। এটা কেন হয়েছে নিশ্চয়ই শিক্ষা ব্যবস্থার দুর্বলতা আছে। সেই দুর্বলতা কাটিয়ে উঠতে হবে।

অফিয়া আখতার বলেন, আগে পাড়ার মোড়ে আড্ডা ছিল কম, গ্রন্থাগারে আড্ডা বেশি ছিল। এই কালচারটা আর নেই। আমরা সবাই মোবাইলে ঢুকে পড়েছি। মোবাইলের মধ্যে হয়তো ই-লাইব্রেরি আছে সেটা ১০ মিনিট পড়লে আমার চোখ আর নিতে চায় না। চোখই যেটা নিতে চায় না সেটা মেধা ও মননে কিভাবে নিবে এ প্রশ্ন রেখে তিনি বলেন, আমি যখন একটি বই পড়ি তখন আমি বইয়ের ভিতরে ঢুকে যাই।

তিনি অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, বাচ্চাদের মোবাইল কিনে না দিয়ে বই কিনে দেন। অন্তত প্রাপ্তবয়স্ক হওয়ার আগ পর্যন্ত তাকে মোবাইল থেকে বিরত রাখুন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, যদি তোমরা মোবাইলের প্রতি আসক্ত হও তাহলে সর্বোচ্চ ক্ষতির পর্যায়ে চলে যাবে। তোমরা একটা পক্ষু জাতিতে পরিণত হবে এটা আমরা কখনই চাইনা।

এসময় তিনি সবাইকে লাইব্রেরিতে একবার ঘুরে আসার আহ্বান জানান।

রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের সহকারী পরিচালক মো. রোকনুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন অতিরিক্ত জেলা প্রশাসক টুকটুক তালুকদার। সভায় সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, বিভিন্ন বেসরকারি গ্রন্থাগারের প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দিবসটি উপলক্ষ্যে জেলা প্রশাসক কার্যালয় চত্বর হতে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

পরে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার ও সনদ তুলে দেন রাজশাহী জেলা প্রশাসক।

উল্লেখ্য গ্রন্থাগার দিবস ২০১৮ সাল থেকে উদযাপিত হয়। দেশে এখন মোট সরকারি গণগ্রন্থাগারের সংখ্যা ৭১টি।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৩.১৫ঘ.